রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ২০, ২০০১

[৮ম খন্ড—বেসরকারী ব্যাক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ।]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

জয়দেবপুর, গাজীপুর।

## প্রজ্ঞাপন

তারিখ, ২৮ অগ্রহায়ণ ১৪০৮ বাং/১২ ডিসেম্বর ২০০১ইং

এস, আর, ও নং ৩২৭-আইন/২০০১।— Bangladesh Agricultural Research Institute Ordinance, 1976 (LXII of 1976) এর section 18 এর sub-section (1) এর প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ**।—(১) এই প্রবিধানমালা, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্মচারী (অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা, ২০০১ নামে অভিহিত হইবে।

(২) ইহা নিম্নবর্ণিত কর্মচারীগণ ব্যতীত ইনস্টিটিউটের সকল কর্মচারীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা ঃ—

(ক) প্রেষণে নিয়োজিত কর্মচারী ;

(খ) সম্পূর্ণ অস্থায়ী, খন্ডকালীন, দৈনিক বা চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মচারী ;

(গ) এমন সকল কর্মচারী, যাহারা এই প্রবিধানমালা প্রবর্তনের অব্যবহিত পূর্বে অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে চাঁদা প্রদানকারী ছিলেন, কিন্তু প্রবিধান ৯(১) (খ) এর বিধান অনুসারে অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি প্রাপ্তির ইচ্ছা প্রকাশ করেন নাই।



মূল্য ঃ টাকা ৬.০০

২। সংজ্ঞা।— বিষয় অথবা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(ক) "অধ্যাদেশ" অর্থ Bangladesh Agricultural Research Institute Ordinance, 1976 (LXII of 1976) ;

(খ) "অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল" অর্থ কর্মচারীগণের মাসিক বেতন হইতে প্রদত্ত নিয়মিত মাসিক চাঁদা, তদনুকূলে ইনস্টিটিউট কর্তৃক প্রদত্ত নির্ধারিত চাঁদা এবং উভয় চাঁদার অর্থের সুদ সমন্বয়ে গঠিত অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল ;

(গ) "ইনস্টিটিউট" অর্থ অধ্যাদেশের section 3 এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট ;

(ঘ) "কমিটি" অর্থ প্রবিধান ৪ এর অধীন গঠিত বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্মচারী অবসরভাতা তহবিল ব্যবস্থাপনা কমিটি ;

(ঙ) "কর্মচারী" অর্থ ইনস্টিটিউটের কোন কর্মচারী এবং ইনস্টিটিউটের যে কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন ;

(চ) "গণনাযোগ্য চাকুরী" অর্থ এই প্রবিধানমালার প্রবিধান ১৩ এ বর্ণিত গণনাযোগ্য চাকুরী ;

(ছ) "তফসিল" অর্থ এই প্রবিধানমালার কোন তফসিল ;

(জ) "তহবিল" অর্থ প্রবিধানমালার প্রবিধান ৩ এর অধীন গঠিত বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্মচারী অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি তহবিল ;

(ঝ) "পরিবার" অর্থ —

(অ) কর্মচারী পুরুষ হইলে, তাঁহার স্ত্রীগণ ও তাঁহার পুত্র-কন্যাগণ এবং তাঁহার মৃত পুত্রের বিধবা স্ত্রী বা স্ত্রীগণ ও পুত্র-কন্যাগণ, অথবা স্ত্রী বা পুত্র-কন্যাগণের অবর্তমানে উক্ত কর্মচারীর বৈধ উত্তরাধিকারীগণ ঃ

তবে শর্ত থাকে যে, যদি কোন কর্মচারী প্রমাণ করেন যে, আদালতের আদেশ অনুসারে তিনি ও তাঁহার স্ত্রী আলাদাভাবে বসবাস করেন অথবা তাঁহার স্ত্রী প্রথাভিত্তিক আইন অনুসারে খোরপোষ লাভের অধিকার পাইয়াছেন, তাহা হইলে উক্ত স্ত্রীকে পরিবারভুক্ত করিবার জন্য উক্ত কর্মচারী কর্তৃক যথাযথ কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে ইচ্ছা প্রকাশ না করা পর্যন্ত, উক্ত স্ত্রী এই প্রবিধানমালার উদ্দেশ্যপূরণকল্পে উক্ত কর্মচারীর পরিবারভুক্ত বলিয়া গণ্য হইবেন না, এবং

(আ) কর্মচারী মহিলা হইলে, তাহার স্বামী এবং পুত্র-কন্যাগণ ও তাঁহার মৃত পুত্রের বিধবা স্ত্রী বা স্ত্রীগণ ও পুত্র-কন্যাগণ, অথবা উক্ত স্ত্রী বা পুত্র-কন্যাগণের অবর্তমানে উক্ত কর্মচারীর বৈধ উত্তরাধিকারীগণ ঃ

তবে শর্ত থাকে যে, কোন মহিলা কর্মচারী তাঁহার স্বামীকে এই প্রবিধানমালার কোন সুবিধা পাইবার ব্যাপারে তাঁহার পরিবারভুক্ত না করিবার জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে ইচ্ছা প্রকাশ করিয়া থাকিলে, উহার বিপরীতে ইচ্ছা প্রকাশ না করা পর্যন্ত, উক্ত স্বামী উক্ত কর্মচারীর পরিবারভুক্ত বলিয়া গণ্য হইবেন না ;

(ঞ) "যথাযথ কর্তৃপক্ষ" অর্থ এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে কোন নির্দিষ্ট কর্তব্য সম্পাদনের জন্য ইনস্টিটিউট বা ক্ষেত্রমত, কমিটি কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা।

৩। **তহবিল গঠন**।— এই প্রবিধানমালা কার্যকর হওয়ার পর কর্মচারীগণকে অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি প্রদানের উদ্দেশ্যে নিম্নবর্ণিত উৎসসমূহ হইতে প্রাপ্ত অর্থ সমন্বয়ে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্মচারী অবসর ভাতা তহবিল নামে একটি তহবিল গঠিত হইবে, যথা ঃ—

(ক) প্রবিধান ৯ (৩) এর দফা (খ) ও (গ) এর অধীন জমাকৃত অর্থ ;

(খ) ইনস্টিটিউটের সিদ্ধান্ত অনুসারে সময় সময় তহবিলে প্রদত্ত মঞ্জুরী ;

(গ) তহবিলের অর্থ বিনিয়োগ হইতে অর্জিত আয় ; এবং

(ঘ) অন্যান্য সূত্র হইতে প্রাপ্ত অর্থ।

৪। **তহবিল ব্যবস্থাপনা কমিটি, ইত্যাদি**।— (১) তহবিলের ব্যবস্থাপনা, সংরক্ষণ ও বিনিয়োগের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট অবসর ভাতা তহবিল ব্যবস্থাপনা কমিটি নামে একটি কমিটি থাকিবে, যথা ঃ—

(ক) ইনস্টিটিউটের মহাপরিচালক, যিনি ইহার চেয়ারম্যানও হইবেন ;

(খ) ইনস্টিটিউটের—

(অ) পরিচালক (গবেষণা) ;

(আ) পরিচালক (সেবা ও সরবরাহ) ;

(ই) পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ;

(ঈ) উপ-পরিচালক (প্রশাসন);

(গ) কর্মচারীগণের মধ্য হইতে ইনস্টিটিউটের মহাপরিচালক কর্তৃক মনোনীত ছয়জন প্রতিনিধি ;

(ঘ) ইনস্টিটিউটের উপ-পরিচালক (অর্থ ও হিসাব), যিনি ইহার সচিবও হইবেন।

(২) কমিটি উহার কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত উহার এক বা একাধিক সদস্য সমন্বয়ে প্রয়োজনীয় সংখ্যক উপ-কমিটি গঠন এবং এইরূপ উপ-কমিটির দায়িত্ব ও কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

৫। **কমিটির কার্যাবলী**।—কমিটির ক্ষমতা ও কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা ঃ—

(ক) এই প্রবিধানমালার বিধান অনুসারে তহবিলের অর্থের যথাযথ ব্যবহার ও উহার তত্ত্বাবধান ;

(খ) তহবিলের জন্য, প্রয়োজনবোধে, ইনস্টিটিউটের পূর্বানুমোদন সাপেক্ষে, ঋণ গ্রহণ;

(গ) প্রবিধান ৬ অনুযায়ী তহবিলের অর্থ বিনিয়োগ এবং এতদুদ্দেশ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ;

(ঘ) তহবিলের আয় ও ব্যয়ের হিসাব রক্ষণাবেক্ষণের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ;

(ঙ) প্রতি আর্থিক বৎসর সমাপ্তির পরবর্তী মাসে তহবিলের আয়, ব্যয়, বিনিয়োগ ও অন্যান্য বিষয় সম্পর্কে ইনস্টিটিউটের নিকট প্রতিবেদন উপস্থাপন;

(চ) এই প্রবিধানমালার অধীন প্রদেয় অবসরভাতা ও অন্যান্য সুবিধাদি যথাযথ কর্তৃপক্ষের আদেশ অনুসারে যথাশীঘ্র পরিশোধ; এবং

(ছ) উপরি-উক্ত কার্যাবলী সম্পাদনের উদ্দেশ্যে সকল আনুষঙ্গিক কার্যক্রম গ্রহণ।

৬। **তহবিলের অর্থ জমা, বিনিয়োগ ইত্যাদি।**— (১) কমিটি, ইনস্টিটিউটের অনুমোদন সাপেক্ষে, তহবিলের অর্থ এইরূপে বিনিয়োগ করিবে যাহাতে উক্ত বিনিয়োগ হইতে সম্ভাব্য সর্বাপেক্ষা অধিক আয় হইতে পারে এবং এতদুদ্দেশ্যে কমিটি তহবিলের সম্পূর্ণ বা আংশিক অর্থ কোন রাষ্ট্রায়ত্ত ব্যাংকের স্থায়ী আমানতে বা সঞ্চয়ী হিসাবে রাখিতে বা কোন লাভজনক সরকারী সিকিউরিটিতে বিনিয়োগ করিতে পারিবে ঃ

তবে শর্ত থাকে যে, কমিটি, ইনস্টিটিউটের অনুমোদন সাপেক্ষে, প্রতি বৎসর এই প্রবিধানমালার অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি পরিশোধের উদ্দেশ্যে সম্ভাব্য প্রয়োজনীয় অর্থ কোন রাষ্ট্রায়ত্ত ব্যাংকের একটি চলতি হিসাবে জমা রাখিতে পারিবে ;

(২) কমিটির চেয়ারম্যান ও সচিবের যুগ্ম স্বাক্ষরে তহবিলের ব্যাংক হিসাব পরিচালিত হইবে।

৭। **তহবিলের অর্থ ব্যয় ও হিসাব নিরীক্ষা।**— (১) তহবিলের অর্থ অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি প্রদানের উদ্দেশ্যে ব্যয় করা হইবে।

(২) তহবিলের আয় ও ব্যয়ের হিসাব ইনস্টিটিউটের অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক নিরীক্ষিত হইবে।

৮। **অবসর ভাতা পাইবার অধিকার।**—এই প্রবিধানমালা যে সকল কর্মচারীগণের ক্ষেত্রে প্রযোজ্য তাঁহারা সকলেই এই প্রবিধানমালার বিধানাবলী অনুসারে অবসর ভাতা ও অবসরজনিত অন্যান্য সুবিধাদি পাইবার অধিকারী হইবেন।

৯। **কতিপয় কর্মচারীর ক্ষেত্রে অবসর ভাতা প্রাপ্তির ইচ্ছা প্রকাশ।**—(১) এই প্রবিধানমালা প্রবর্তনের অব্যবহিতপূর্বে চাকুরীরত কোন কর্মচারী অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে চাঁদা প্রদান করিতে থাকিলে,—

(ক) তিনি উক্তরূপ প্রবর্তনের পরেও উক্ত চাঁদা প্রদান অব্যাহত রাখিতে পারেন; অথবা

(খ) তিনি উক্ত প্রবর্তনের পর চাকুরী হইতে অবসর গ্রহণ করিয়া থাকুন বা চাকুরীরত থাকুন, উহা সরকারী গেজেটে প্রকাশের এক মাসের মধ্যে এই প্রবিধানমালার অধীন অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি পাইবার ইচ্ছা প্রকাশ করিয়া লিখিতভাবে যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করিবেন ঃ

তবে শর্ত থাকে যে, কোন অবসরপ্রাপ্ত কর্মচারী অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল এবং আনুতোষিক এর সুবিধা গ্রহণ করিয়া থাকিলে তিনি এই দফার অধীন ইচ্ছা প্রকাশ করিবার অধিকারী হইবেন না।

(২) উপ-প্রবিধান (১) (খ) এর অধীন কোন কর্মচারী অবসর ভাতা পাইবার ইচ্ছা প্রকাশ না করিলে, তিনি অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে চাঁদা প্রদান অব্যাহত রাখিবেন বলিয়া গণ্য করা হইবে এবং সেই ক্ষেত্রে তিনি এই প্রবিধানমালার অধীন অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি পাইবার অধিকারী হইবেন না।

(৩) কোন কর্মচারী উপ-প্রবিধান (১) (খ) অনুসারে অবসর ভাতা প্রাপ্তির ইচ্ছা প্রকাশ করিলে,—

(ক) তিনি অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে চাঁদা প্রদান বন্ধ করিয়া সাধারণ ভবিষ্য তহবিলে চাঁদা প্রদান করিবেন;

(খ) অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে তাঁহার হিসাবে ইনস্টিটিউট কর্তৃক প্রদত্ত চাঁদা ও উহার উপর অর্জিত সুদ তহবিলে জমা হইবে;

(গ) তিনি অনুরূপ ইচ্ছা প্রকাশের পূর্ব পর্যন্ত চাকুরীকালের জন্য বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ১৯৯০ এর প্রবিধান ৫২ অনুসারে কোন আনুতোষিক পাইবার অধিকারী হইবেন না এবং তাহার উক্তরূপ ইচ্ছা প্রকাশের পরবর্তী চাকুরীকালের প্রতিটি আর্থিক বৎসরের বা আংশিক বৎসরের সর্বশেষ দিবসে ইনস্টিটিউট উক্ত কর্মচারীর প্রাপ্য দুই মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ তহবিলে জমা করিবে;

(ঘ) উক্ত কর্মচারীর চাকুরীকাল অবসর ভাতা প্রাপ্তির উদ্দেশ্যে গণনাযোগ্য চাকুরীকাল হিসাবে গণনা করা হইবে; এবং

(ঙ) অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে উক্ত কর্মচারী কর্তৃক প্রদত্ত চাঁদা ও উহার উপর অর্জিত সুদ সাধারণ ভবিষ্য তহবিলে স্থানান্তরিত করা হইবে।

১০। **অবসর গ্রহণ**।—প্রবিধান ১১ ও ১২ এর বিধান সাপেক্ষে, একজন কর্মচারী তাঁহার সাতান্ন বৎসর পূর্তিতে চাকুরী হইতে অবসর গ্রহণ করিবেন।

১১। **স্বেচ্ছায় অবসর গ্রহণ**।—(১) একজন কর্মচারী পঁচিশ বৎসর চাকুরী সমাপ্ত করিবার পর, নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট লিখিত নোটিশ প্রদান করিয়া চাকুরী হইতে অবসর গ্রহণ করার জন্য ইচ্ছা করিতে পারেন।

(২) সংশ্লিষ্ট কর্মচারী স্বেচ্ছায় যে তারিখ হইতে অবসর গ্রহণ করিতে আগ্রহী তিনি, সেই তারিখের কমপক্ষে ত্রিশ দিন পূর্বে, উপ-প্রবিধান (১) এর অধীন নোটিশ প্রদান করিবেন।

(৩) উপ-প্রবিধান (১) এর অধীন স্বেচ্ছায় অবসর গ্রহণের ইচ্ছা প্রকাশ করিয়া নোটিশ প্রদান করা হইলে, উক্ত নোটিশে উল্লিখিত অবসর গ্রহণের তারিখ চূড়ান্ত তারিখ বলিয়া গণ্য হইবে, যাহা সংশোধন বা প্রত্যাহার যোগ্য নহে।

১২। **ইনস্টিটিউট কর্তৃক অবসর প্রদান**।—ইনস্টিটিউট উহার কোন কর্মচারীকে অবসর প্রদান করিতে পারে, যদি—

(ক) তিনি পঁচিশ বৎসর চাকুরী সমাপ্ত করিয়া থাকেন এবং ইনস্টিটিউট মনে করে যে, উহার স্বার্থে তাহাকে অবসর প্রদান করা প্রয়োজন; অথবা

(খ) তাঁহার উপর যথাযথ কর্তৃপক্ষ শৃংখলাজনিত বিষয়ে কোন বিভাগীয় মামলায় দোষী সাব্যস্ত করিয়া বাধ্যতামূলক অবসর প্রদানের দন্ড আরোপ করা হয়।

১৩। **গণনাযোগ্য চাকুরী**।— (১) এই প্রবিধানমালার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কোন কর্মচারীর গণনাযোগ্য চাকুরীকাল বলিতে ইনস্টিটিউটের কোন স্ব-বেতন পূর্ণকালীন ও স্থায়ী পদের বিপরীতে স্থায়ী ভিত্তিতে নিয়োজিত হইয়া চাকুরীতে যোগদানের তারিখ হইতে অবসর গ্রহণ বা তাঁহাকে ইনস্টিটিউট কর্তৃক অবসর প্রদান বা চাকুরী হইতে বরখাস্ত বা অপসারণ, বা পদ অবলুপ্তি বা মৃত্যুর মাধ্যমে চাকুরী অবসান হওয়ার তারিখ পর্যন্ত সময়কালকে বুঝাইবে।

(২) গণনাযোগ্য চাকুরী হিসাবের ক্ষেত্রে, শুধুমাত্র সমাপ্ত পূর্ণ বৎসর গণনা করা হইবে এবং বৎসরের ভগ্নাংশকে বর্জন করা হইবে।

(৩) কোন কর্মচারীর বয়স আঠারো বৎসর পূর্ণ হইবার পূর্বের চাকুরীকাল গণনাযোগ্য চাকুরী হিসাবে গণ্য করা হইবে না।

(৪) কোন কর্মচারীর বিনা বেতনে ছুটিকাল গণনাযোগ্য চাকুরী হিসাবে গণ্য করা হইবে না।

১৪। **অবসর ভাতা প্রাপ্তির জন্য ন্যূনতম গণনাযোগ্য চাকুরী**।—অবসর ভাতা প্রাপ্তির জন্য কোন কর্মচারীর গণনাযোগ্য চাকুরীকাল অন্যূন দশ বৎসর হইতে হইবে।

১৫। **গণনাযোগ্য চাকুরীতে ঘাটতি প্রমার্জন**।—(১) অবসর ভাতা মঞ্জুরীর ক্ষেত্রে, কোন কর্মচারীর প্রয়োজনীয় গণনাযোগ্য চাকুরীতে ঘাটতি দেখা দিলে—

(ক) ছয় মাস বা তদপেক্ষা কম সময়ের ঘাটতি প্রমার্জন করা হইয়াছে বলিয়া গণ্য করা হইবে;

(খ) ছয় মাসের বেশী কিন্তু এক বৎসরের বেশী নয় এইরূপ সময়ের ঘাটতি ইনস্টিটিউট কর্তৃক প্রমার্জন করা যাইবে, যদি তিনি—

(অ) চাকুরীতে কর্মরত থাকাকালে মৃত্যুবরণ করিয়া থাকেন; অথবা

(আ) তাঁহার নিয়ন্ত্রণ বহির্ভূত কোন কারণে (যেমন—পঙ্গুত্ব বা পদ অবলুপ্তি) অবসর গ্রহণ করিয়া থাকেন অথচ উক্ত নিয়ন্ত্রণ বহির্ভূত ঘটনা না ঘটিলে তিনি আরও এক বৎসর গণনাযোগ্য চাকুরী করিতে পারিতেন; এবং

(ই) সন্তোষজনক চাকুরী করিয়া থাকেন;

(২) গণনাযোগ্য চাকুরীতে এক বৎসরের বেশী সময়ের ঘাটতি কোন অবস্থাতেই প্রামার্জন করা হইবে না।

১৬। **ক্ষতিপূরণমূলক অবসর ভাতা**।—কোন কর্মচারী দশ বৎসর চাকুরী সমাপ্ত করিবার পর, তাঁহার পদ অবলুপ্ত হইলে এবং তাঁহাকে অন্য কোন সমান বা নিম্নতর পদে নিয়োগ করা না হইলে বা তিনি এইরূপ কোন পদে যোগদান করিতে না চাহিলে, তাঁহাকে ক্ষতিপূরণমূলক অবসরভাতা প্রদান করা যাইতে পারে।

১৭। **অক্ষমতাজনিত অবসর ভাতা**।—কোন কর্মচারী দশ বৎসর গণনাযোগ্য চাকুরী সমাপ্ত করিবার পর ইনস্টিটিউট কর্তৃক এতদুদ্দেশ্যে নিয়োজিত স্বাস্থ্য কর্তৃপক্ষের প্রত্যয়নের ভিত্তিতে যথাযথ কর্তৃপক্ষ যদি এইরূপ অভিমত পোষণ করে যে, ইনস্টিটিউটের চাকুরীতে কর্মরত থাকাকালে শারীরিক বা মানসিক অসুস্থতার ফলে উক্ত কর্মচারী স্থায়ীভাবে অক্ষম হইয়া পড়িয়াছেন, তাহা হইলে তাঁহাকে অক্ষমতাজনিত অবসরভাতা প্রদান করা যাইতে পারে।

১৮। **পারিবারিক অবসর ভাতা**।—(১) কোন কর্মচারী অন্যূন দশ বৎসর গণনাযোগ্য চাকুরী সমাপ্ত করিবার পর, কিন্তু অবসর গ্রহণের পূর্বে, মৃত্যুবরণ করিলে, উক্ত কর্মচারীর অবসর গ্রহণের ক্ষেত্রে তফসিল-১ এ বিধৃত হার অনুসারে তিনি যে অবসর ভাতা পাইতেন, তাঁহার পরিবার সেই ভাতার সমপরিমাণে পারিবারিক অবসর ভাতা উক্ত কর্মচারীর মৃত্যুর পর পনর বৎসর পর্যন্ত পাইবেন।

(২) যে কোন অবসর ভাতা প্রাপ্তি শুরু করিবার পর পনর বৎসর অতিক্রান্ত হইবার পূর্বে কোন অবসরপ্রাপ্ত কর্মচারী মৃত্যুবরণ করিলে, উক্ত কর্মচারীর মৃত্যুর পর, তাঁহার পরিবার উক্ত পনর বৎসর মেয়াদের অবশিষ্ট সময় পর্যন্ত উক্ত অবসরভাতার সমপরিমাণ ভাতা প্রাপ্য হইবেন।

(৩) উপ-প্রবিধান (১) এবং (২) এ যাহা কিছুই থাকুক না কেন, কোন কর্মচারীর মৃত্যুর পর তাঁহার বিধবা স্ত্রী বা স্ত্রীগণ পুনঃবিবাহ না করিলে এবং প্রতিবন্ধিতার কারণে উপার্জনে অক্ষম সন্তান-সন্ততিগণ উপ-প্রবিধান (১) এ উল্লিখিত হারে আজীবন পারিবারিক অবসরভাতা পাইবেন।

ব্যাখ্যা।—"প্রতিবন্ধি সন্তান" বলিতে বয়স নির্বিশেষে এমন সন্তানকে বুঝাইবে যাহাকে শারীরিক বা মানসিক প্রতিবন্ধিতার কারণে অক্ষম বলিয়া নিবন্ধিত ডাক্তার প্রত্যায়ন করেন।

১৯। **অবসর ভাতা প্রাপ্তির মেয়াদ**।—অবসরপ্রাপ্ত কর্মচারী তাঁহার মৃত্যু পর্যন্ত অবসর ভাতা পাইবেন।

২০। **অবসর ভাতার হার**।—কোন কর্মচারীর প্রাপ্য অবসর ভাতা, তাঁহার প্রাপ্য সর্বশেষ মূল বেতন (অবসরপ্রস্তুতি ছুটিকালীন সময়ের বর্ধিত বেতন প্রাপ্য হইলে তাহাসহ) এর ভিত্তিতে তফসিল-১ এ বিধৃত গণনাযোগ্য চাকুরীকালের বিপরীতে উল্লেখিত হার অনুসারে নির্ধারিত হইবে এবং উক্ত অবসর ভাতা তাঁহাকে মাসে মাসে প্রদান করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, কোন কর্মচারীর অবসর ভাতা সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত সীমার উর্দ্ধে হইবে না।

২১। **অবসর গ্রহণের প্রস্তুতিমূলক ছুটি**।—(১) অবসর গ্রহণের জন্য প্রস্তুতিমূলক ছুটি হিসাবে কোন কর্মচারী ছুটি পাওনা সাপেক্ষে এক বৎসর ছুটি ভোগ করিতে পারেন এবং অবসর গ্রহণের তারিখের পরবর্তী সময়ে উহা ভোগ করা যাইবে, তবে এই ছুটি অবসর গ্রহণের তারিখ হইতে এক বৎসর বা উক্ত কর্মচারীর আটান্ন বৎসর বয়স সীমা, যাহাই পূর্বে সমাপ্ত হয়, অতিক্রম করিবে না।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন ছুটি ভোগ করাকালে কোন কর্মচারী তাঁহার সর্বশেষ বেতনের হিসাবে ছয় মাসের পূর্ণ বেতন এবং বাকী ছয় মাস উক্ত সর্বশেষ বেতনের অর্ধেক বেতন পাইবেন।

(৩) উপ-প্রবিধান (১) এর অধীন প্রাপ্য ছুটি শেষ হওয়ার তারিখ হইতে সংশ্লিষ্ট কর্মচারীর অবসর গ্রহণ কার্যকর হইবে।

২২। **অবসর ভাতা সমর্পণ**।—(১) কোন কর্মচারী অবসর ভাতা পাইবার অধিকারী হইলে, তিনি ইচ্ছা করিলে প্রাপ্য অবসর ভাতার অনধিক অর্ধাংশ সমর্পণ করিয়া উহার পরিবর্তে নিম্নবর্ণিত হারে এককালীন থোক টাকা গ্রহণ করিতে পারেন ঃ—

| গণনাযোগ্য চাকুরীকাল | সমর্পিত প্রতিটি টাকার জন্য প্রাপ্য টাকার পরিমাণ। |
|---|---|
| (ক) দশ বৎসর বা তদূর্ধ্ব কিন্তু পনের বৎসরের কম | ২৩০ টাকা |
| (খ) পনের বৎসর বা তদূর্ধ্ব কিন্তু বিশ বৎসরের কম | ২১৫ টাকা |
| (গ) বিশ বৎসর বা তদূর্ধ্ব | ২০০ টাকা |

(২) কোন কর্মচারীর পরিবার পারিবারিক অবসর ভাতা পাইবার অধিকারী হইলে, তাহার স্ত্রী বা স্ত্রীগণ ব্যতীত পরিবারের অন্যান্য সদস্যগণ ইচ্ছা করিলে তাঁহাদের প্রাপ্য অবসর ভাতার অনধিক অর্ধাংশ সমর্পণ করিয়া উহার পরিবর্তে উপ-প্রবিধান (১) এ উল্লিখিত হারে এককালীন থোক টাকা গ্রহণ করিতে এবং বাকী অর্ধাংশ পারিবারিক অবসর ভাতা হিসাবে গ্রহণ করিতে পারেন।

(৩) উপ-প্রবিধান (১) এ উল্লিখিত অবসর ভাতা পাইবার অধিকারী কোন কর্মচারী, ইচ্ছা করিলে উক্ত উপ-প্রবিধানে উল্লিখিত অবসরভাতার সমর্পণযোগ্য অর্ধাংশের পরবর্তী অর্ধাংশও সমর্পণ করিয়া উহার পরিবর্তে উহাতে উল্লিখিত হারের অর্ধেক হারে থোক টাকা গ্রহণ করিতে পারেন।

২৩। **অবসর ভাতা গ্রহণের জন্য মনোনয়ন**।—(১) কোন কর্মচারী এই প্রবিধানমালা প্রবর্তনের—

(ক) সময় চাকুরীরত থাকিলে, উহা সরকারী গেজেটে প্রকাশের ৯০ (নব্বই) দিনের মধ্যে; এবং

(খ) পরে চাকুরীতে যোগদান করিলে, চাকুরীতে যোগদানের তারিখ হইতে ৯০ (নব্বই) দিনের মধ্যে;

তফসিল ২ এ বিধৃত ফরম পূরণ করিয়া তাঁহার অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি প্রাপ্তির জন্য এক বা একাধিক ব্যক্তিকে মনোনীত করিয়া উক্ত ফরম কমিটির নিকট জমা দিবেন।

(২) উপ-প্রবিধান (১) অনুসারে একাধিক ব্যক্তিকে মনোনীত করার ক্ষেত্রে, মনোনীত ব্যক্তিগণের অংশ নির্ধারণ করিয়া দিতে হইবে, যদি এইরূপ কোন অংশ নির্ধারণ না করিয়া দেওয়া হয়, তাঁহা হইলে প্রদেয় অর্থের পরিমাণ সমান অংশে ভাগ করা হইবে।

(৩) কোন কর্মচারী কমিটির নিকট লিখিত নোটিশ দিয়া যে কোন সময় উক্ত মনোনয়ন বাতিল করিতে পারিবেন, তবে এইরূপ নোটিশের সহিত একটি নূতন মনোনয়ন দাখিল করিতে হইবে।

(৪) মনোনীত ব্যক্তি অপ্রাপ্ত বয়স্ক হইলে তাঁহার পক্ষে তহবিলের অর্থ গ্রহণের জন্য একজন অভিভাবক নিয়োগ করা যাইবে।

(৫) কোন কর্মচারী উপ-প্রবিধান (১) অনুসারে মনোনয়ন জমা না দিয়া মৃত্যুবরণ করিলে তহবিলের অর্থ উত্তরাধিকার প্রমাণপত্রের ভিত্তিতে উক্ত কর্মচারীর বৈধ উত্তরাধিকারীকে প্রদান করা হইবে।

২৪। **কতিপয় বিধি-নিষেধ।**—(১) কোন কর্মচারী চাকুরীতে ইস্তফা দিলে বা চাকুরী হইতে অপসারিত বা বরখাস্ত হইলে, তিনি কোন অবসর ভাতা পাইবেন না ঃ

তবে শর্ত থাকে যে, অসদাচরণ বা অদক্ষতার কারণে কোন কর্মচারী অপসারিত বা বরখাস্ত হইলে, বিশেষ বিবেচনায় তাঁহাকে সহানুভূতিমূলক ভাতা প্রদান করা যাইতে পারে, যাহার পরিমাণ অক্ষমতাজনিত কারণে তাঁহাকে বাধ্যতামূলক অবসর গ্রহণ করানো হইলে যে পরিমাণ অবসর ভাতা পাইতেন সেই পরিমাণের দুই-তৃতীয়াংশের বেশী হইবে না।

(২) অবসর গ্রহণের সময় বা অন্য কোনভাবে চাকুরীর অবসানের সময়, কোন কর্মচারীর বিরুদ্ধে রুজুকৃত কোন বিভাগীয় মামলা বা কোন আদালতে কোন ফৌজদারী মামলা বিচারাধীন থাকিলে, উক্ত মামলার রায় চূড়ান্ত না হওয়া পর্যন্ত তিনি বা তাঁহার পরিবার কোন অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি গ্রহণ করিতে পারিবেন না।

(৩) উপ-প্রবিধান (২) এ উল্লিখিত কোন মামলায় কোন কর্মচারী যদি কোন অপরাধের দায়ে দোষী সাব্যস্ত হন, তাহা হইলে ইন্সটিটিউট উক্ত কর্মচারীর প্রাপ্য অবসর ভাতা বা উহার অংশবিশেষ প্রদান না করিবার সিদ্ধান্ত গ্রহণ করিতে পারে।

(৪) বিভাগীয় মামলায় বা ফৌজদারী আদালতে দায়েরকৃত মামলায় যদি দেখা যায় যে, সংশ্লিষ্ট কর্মচারীর অবহেলা বা প্রতারণার ফলে ইনস্টিটিউটের আর্থিক ক্ষতি হইয়াছে, তাহা হইলে ইনস্টিটিউট তাঁহাকে বা তাঁহার পরিবারকে প্রদেয় অবসর ভাতা বা অবসরজনিত সুবিধাদি হইতে উক্ত ক্ষতির টাকা আদায় করিতে পারিবে, এবং এইরূপ ক্ষতির টাকা আদায়ের উদ্দেশ্যে উক্ত অবসরভাতা বা অবসরজনিত সুবিধাদি প্রদান স্থগিত করা যাইবে।

(৫) কোন কর্মচারী একই সময়ে দুইটি অবসর ভাতা ভোগ করিতে পারিবেন না।

(৬) কোন কর্মচারী যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত, অবসর গ্রহণের প্রস্তুতিমূলক ছুটিকালে বা অবসর গ্রহণের দুই বৎসরের মধ্যে কোন প্রতিষ্ঠানে আর্থিক সুবিধাসম্পন্ন পদে নিয়োগ গ্রহণ করিবেন না এবং এইরূপ নিয়োগ গ্রহণ করিলে তাঁহাকে অবসর ভাতা প্রদান করা হইবে না।

(৭) কোন কর্মচারী বা তাঁহার পরিবারকে অবসরভাতা মঞ্জুর করিবার পূর্বে তাঁহার চাকুরীকাল সন্তোষজনক ছিল কিনা তাহা যথাযথ কর্তৃপক্ষ পরীক্ষা করিয়া দেখিবেন এবং উক্ত চাকুরীকাল সন্তোষজনক না হইলে উক্ত কর্তৃপক্ষ তাঁহার বা তাঁহার পরিবারের প্রাপ্ত অবসর ভাতার পরিমাণ কমাইয়া দিতে পারিবে।

২৫। **অর্জিত ছুটি নগদায়ন।**—(১) চাকুরীতে থাকাকালে কোন কর্মচারী তাহার পাওনা অর্জিত ছুটি ভোগ করিয়া না থাকিলে তিনি বা তাহার মৃত্যুর ক্ষেত্রে, তাহার পরিবারবর্গ উপ-প্রবিধান (২) এর বিধান সাপেক্ষে, উক্ত জমাকৃত অর্জিত ছুটির অনধিক বার মাসের পরিবর্তে তাঁহার সর্বশেষ প্রাপ্ত মূল বেতনের সমান হারে, এককালীন নগদ অর্থ গ্রহণ করিতে পারিবেন।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন প্রাপ্য অর্থ অবসর গ্রহণের প্রস্তুতিমূলক ছুটি শুরু হইবার পূর্বে গ্রহণ করা যাইবে না।

২৬। **অবসরভাতা, ইত্যাদির আবেদন।**—(১) এই প্রবিধানমালার অধীন অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদি পাইবার উদ্দেশ্যে, আবেদন দাখিলের ক্ষেত্রে কোন কর্মচারী বা মনোনীত ব্যক্তি অথবা অনুরূপ কোন মনোনয়ন না থাকিলে, তাঁহার পরিবার কর্তৃক ক্ষমতা প্রদত্ত ব্যক্তি তফসিল ৩ এর প্রথম ভাগে বিধৃত ফরম পূরণ করিয়া উহাতে উল্লিখিত কাগজপত্রসহ উহা জমা দিবেন।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন দাখিলকৃত আবেদন সম্পর্কে যথাযথ কর্তৃপক্ষ সন্তুষ্ট হইলে, উক্ত তফসিলের দ্বিতীয় ভাগে বিধৃত ফরমে প্রয়োজনীয় তথ্যাদি লিপিবদ্ধ করিয়া একই তফসিলের তৃতীয় ভাগে বিধৃত ফরমে সংশ্লিষ্ট কর্মচারীর উর্ধ্বতন কর্মকর্তা উক্ত প্রার্থীত অবসরভাতা বা অবসরজনিত সুবিধাদি মঞ্জুর করিবেন এবং উক্ত তথ্যাদি সংরক্ষণ করিতে হইবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীন অবসর ভাতা বা অবসরজনিত সুবিধাদি মঞ্জুর করা হইলে, আবেদনকারীকে উক্ত তফসিলের চতুর্থ ভাগে বিধৃত ফরমে একটি অবসর ভাতা বহি প্রদান করা হইবে এবং এই বহিতে প্রতি মাসে প্রদত্ত অবসর ভাতা লিপিবদ্ধ করা হইবে; যথাযথ কর্তৃপক্ষ এইরূপ প্রদত্ত অবসরভাতা সম্পর্কিত তথ্যাদি একটি রেজিস্টারে লিপিবদ্ধ ও সংরক্ষণ করিবে।

২৭। **অবসর ভাতা, ইত্যাদি পরিশোধের স্থান।**—এই প্রবিধানমালার অধীন প্রদেয় অবসর ভাতা ও অন্যান্য সুবিধাদি যথাসম্ভব উহার প্রাপক কর্তৃক উল্লিখিত ইনস্টিটিউটের অনুমোদিত কোন তফসিলি ব্যাংকের মাধ্যমে পরিশোধ করা হইবে এবং উক্তরূপ কোন ব্যাংকের মাধ্যমে অবসর ভাতা বা অন্যান্য সুবিধাদি পরিশোধের উদ্দেশ্যে ইনস্টিটিউট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

২৮। **প্রবিধানমালায় অন্তর্ভুক্ত নহে এইরূপ বিষয়।**—অবসর ভাতা ও এই প্রবিধানমালার অধীন প্রদেয় অবসরজনিত সুবিধাদি সংক্রান্ত কোন বিষয়ে এই প্রবিধানমালায় পর্যাপ্ত বিধান না থাকিলে উক্ত বিষয়ে সরকারী কর্মচারীগণের ক্ষেত্রে প্রযোজ্য বিধিমালা, আদেশ, নির্দেশ বা নিয়মাবলী অনুসরণ করা হইবে এবং এইরূপ অনুসরণে কোন অসুবিধা দেখা দিলে এতদবিষয়ে সরকারের কোন সাধারণ নির্দেশ সাপেক্ষে, ইনস্টিটিউটের সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

২৯। **অবসরগ্রহণ, ইত্যাদি বিষয়ে Act XII of 1974 এর প্রয়োগ।**—এই প্রবিধানমালার বিধানাবলী Public Servants Retirement Act, 1974 (XII of 1974) এর বিধানাবলী সাপেক্ষে হইবে এবং উভয়ের মধ্যে অসংগতির ক্ষেত্রে উক্ত Act এর বিধান প্রাধান্য পাইবে।

## তফসিল-১
(ধারা ২০ দ্রষ্টব্য)

| গণনাযোগ্য চাকুরী | প্রাপ্য অবসর ভাতার হার (সর্বশেষ প্রাপ্ত মূল বেতনের %) |
|---|---|
| (ক) ১০ বৎসর | ৩২ |
| (খ) ১১ বৎসর | ৩৫ |
| (গ) ১২ বৎসর | ৩৮ |
| (ঘ) ১৩ বৎসর | ৪২ |
| (ঙ) ১৪ বৎসর | ৪৫ |
| (চ) ১৫ বৎসর | ৪৮ |
| (ছ) ১৬ বৎসর | ৫১ |
| (জ) ১৭ বৎসর | ৫৪ |
| (ঝ) ১৮ বৎসর | ৫৮ |
| (ঞ) ১৯ বৎসর | ৬১ |
| (ট) ২০ বৎসর | ৬৪ |
| (ঠ) ২১ বৎসর | ৬৭ |
| (ড) ২২ বৎসর | ৭০ |
| (ঢ) ২৩ বৎসর | ৭৪ |
| (ণ) ২৪ বৎসর | ৭৭ |
| (ত) ২৫ বৎসর বা তদূর্ধ | ৮০ |

## তফসিল-২

[ধারা ২৩ (১) দ্রষ্টব্য]

### অবসর ভাতা ও অন্যান্য সুবিধাদি গ্রহণের জন্য মনোনয়নপত্র

| মনোনীত ব্যক্তি/ব্যক্তিগণের নাম ও ঠিকানা। | কর্মচারীর সহিত মনোনীত ব্যক্তির সম্পর্ক। | মনোনীত ব্যক্তির বয়স। | মনোনীত ব্যক্তি একাধিক হইলে প্রত্যেকের প্রাপ্য অবসর ভাতার পরিমাণ (শতকরা হারে) | যদি মনোনীত ব্যক্তি মনোনয়নকারী কর্মচারীর পূর্বে মারা যান সেক্ষেত্রে এই অধিকার যাহার উপর বর্তাইবে তাহার নাম, ঠিকানা, বয়স ও সম্পর্ক (যদি থাকে) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১.<br>২.<br>৩. | | | | |

সাক্ষী ঃ

১. ............................................

২. ............................................

কর্মচারীর দস্তখত ঃ

নাম ঃ............................................

পদবী ঃ............................................

বিভাগ/শাখা ঃ...................................

তারিখ.......................................

## তফসিল-৩

[ ধারা ২৬(১) দ্রষ্টব্য ]

প্রথম ভাগ

'ক' অংশ

(অবসর ভাতা/অবসরজনিত সুবিধাদির জন্য আবেদনপত্র)

১। কর্মচারীর নাম (স্পষ্টাক্ষরে) :

২। পিতার নাম :

৩। অবসর গ্রহণকালে পদবী ও কর্মস্থল :

৪। জন্ম তারিখ :

৫। চাকুরীতে যোগদানের তারিখ :

৬। সর্বশেষ প্রাপ্ত মূল বেতন :

৭। গণনাযোগ্য চাকুরীকাল :

৮। অবসর ভাতা প্রাপ্য হইলে উহার যে পরিমাণ সমর্পণ করিতে ইচ্ছুক (শতকরা হারে)। :

৯। কর্মচারীর বয়স ৫৭ বৎসর পূর্ণ হওয়া/চাকুরীর ২৫ বৎসর পূর্তিতে স্বেচ্ছায় অবসর গ্রহণ/ কর্তৃপক্ষ কর্তৃক অবসর প্রদান/বিভাগীয় মামলায় কর্তৃপক্ষ কর্তৃক অবসর প্রদানের ক্ষেত্রে অবসর কার্যকর হওয়ার তারিখ। :

১০। অর্জিত ছুটি নগদায়নের ক্ষেত্রে, প্রাপ্য ছুটির পরিমাণ। :

১১। ক্ষতিপূরণমূলক অবসর ভাতা/অক্ষমতাজনিত অবসর ভাতা/পারিবারিক অবসরভাতার ক্ষেত্রে যে তারিখ হইতে উক্ত ভাতা প্রাপ্য হইয়াছে (অপ্রযোজ্যটি কাটিয়া দিন)। :

১২। কর্মচারী স্বয়ং আবেদনকারী না হইলে—

(ক) আবেদনকারীর নাম ও ঠিকানা ঃ

(খ) কর্মচারীর সহিত আবেদনকারীর সম্পর্ক ঃ

(গ) আবেদনকারী কর্মচারী কর্তৃক মনোনীত হইয়াছেন কিনা (মনোনীত না হইলে প্রাপকগণ প্রদত্ত ক্ষমতাপত্র দাখিল করিতে হইবে)। ঃ

১৩। ইনস্টিটিউটের যে অফিস হইতে অবসর ভাতা/ অন্যান্য সুবিধাদির টাকা পাইতে আগ্রহী—

(ক) অবসর ভাতা ঃ

(খ) সমর্পিত অবসর ভাতার পরিবর্তে এককালীন থোক টাকা। ঃ

(গ) অর্জিত ছুটি নগদায়নের টাকা ঃ

১৪। পূর্বে অবসর ভাতা সম্পর্কিত কোন আবেদন দাখিল করা হইয়াছে কিনা। ঃ

**ঘোষণাপত্র ঃ**

আমি এতদ্বারা ঘোষণা করিতেছি যে, উপরে প্রদত্ত সকল তথ্য আমার জানামতে সঠিক। আবেদনের সূত্রে যদি কোন অতিরিক্ত অবসর ভাতা বা অন্যান্য অর্থ গ্রহণ করা হয়, তাহা হইলে উক্ত অতিরিক্ত অর্থ যথাযথ কর্তৃপক্ষ বরাবরে ফেরত প্রদানে বাধ্য থাকিব।

তারিখ ঃ..........................

..............................................

কর্মচারী/আবেদনকারীর দস্তখত।

## তফসিল-৩

### প্রথম ভাগ

### 'খ' অংশ

### (কর্মচারীর/আবেদনকারীর নমুনা স্বাক্ষর ও আঙ্গুলের ছাপ)

আবেদনপত্রের 'ক' অংশে উল্লিখিত অবসর ভাতা/অবসরজনিত সুবিধাদি গ্রহণের উদ্দেশ্যে আমি এতদ্দ্বারা আমার নমুনা স্বাক্ষর ও আঙ্গুলের ছাপ নিম্নে প্রদান করিলাম ঃ—

### নমুনা স্বাক্ষর

(১)..................................(২)..................................(৩)..................................

### আঙ্গুলের ছাপ

| বৃদ্ধাঙ্গুলি ঃ | তর্জনী ঃ | মধ্যমা ঃ | অনামিকা ঃ | কনিষ্ঠা ঃ |
|---|---|---|---|---|
| | | | | |

কর্মচারীর/আবেদনকারীর দস্তখত

নাম ঃ...............................

তারিখ ঃ ............................

সত্যায়িত

....................................

উর্দ্ধতন কর্মকর্তার দস্তখত ও সিল।

## তফসিল-৩

[ ধারা ২৬(২) দ্রষ্টব্য ]

### দ্বিতীয় ভাগ

### 'ক' অংশ

(এই অংশ কর্মচারীর নিয়ন্ত্রণকারী কর্মকর্তার অফিস হইতে পূরণ করা হইবে)।

১। কর্মচারীর নাম (স্পষ্টাক্ষরে) ঃ

২। পিতার নাম ঃ

৩। জাতীয়তা ঃ

৪। কর্মচারীর জন্ম তারিখ ঃ

৫। চাকুরীতে যোগদানের তারিখ ঃ

৬। অবসর ভাতা প্রাপ্য হইবার অব্যবহিত-পূর্বে কর্মচারীর পদের নাম। ঃ

৭। সনাক্তকরণ চিহ্ন ঃ

৮। আবেদনপত্র দাখিলের তারিখ ঃ

৯। অবসর ভাতা প্রাপ্যতার তারিখ ঃ

১০। গণনাযোগ্য চাকুরীকাল ঃ

১১। সর্বশেষ প্রাপ্ত মূল বেতন ঃ

১২। প্রার্থীত অবসর ভাতা/অন্যবিধ সুবিধার ধরণ। ঃ

১৩। প্রার্থীত মাসিক অবসর ভাতার মোট পরিমাণ। ঃ

১৪। প্রস্তাবিত সমর্পণের পরিমাণ (শতকরা হারে)। ঃ

১৫। প্রাপ্য নীট অবসর ভাতার পরিমাণ ঃ

১৬। অবসর ভাতা ইত্যাদি পরিশোধের স্থান—

(ক) অবসর ভাতা ঃ

(খ) সমর্পিত অবসর ভাতার পরিবর্তে এককালীন থোক টাকা। ঃ

(গ) অর্জিত ছুটি নগদায়নের টাকা ঃ

১৭। কর্মচারীর/আবেদনকারীর সহিত ডাকযোগে যোগাযোগের ঠিকানা। ঃ

১৮। যে তারিখে অবসর ভাতা প্রদেয় হইয়াছে বা হইবে। ঃ

..........................................

উর্দ্ধতন কর্মকর্তার দস্তখত ও সিল।

## তফসিল-৩

[ ধারা ২৬(২) দ্রষ্টব্য ]

দ্বিতীয় ভাগ

'খ' অংশ

(গণনাযোগ্য চাকুরীর হিসাব)

(প্রশাসন শাখা পূরণ করিবে)

| চাকুরী, ছুটি ইত্যাদির বর্ণনা | হইতে..................... | পর্যন্ত..................... | সময়কাল |
|---|---|---|---|
| (১) চাকুরীর মোট সময়কাল (বিরতি এবং অগণনাযোগ্য চাকুরীকাল, যদি থাকে তাহাসহ)। | | | |
| (২) অসাধারণ ছুটি | | | |
| (৩) কর্মরত বা ছুটি হিসাবে গণ্য হয় নাই এইরূপ সাময়িকভাবে বরখাস্ত থাকার সময়কাল (যদি থাকে)। | | | |
| (৪) চাকুরীকালে কোন বিরতি থাকিলে উহার সময়কাল। | | | |
| (৫) বিরতি মার্জনা না করা হইলে বিরতির পূর্ববর্তী চাকুরীকাল। | | | |
| (৬) ইস্তফাদানের ফলে বাজেয়াপ্তকৃত চাকুরীকাল | | | |
| (৭) অননুমোদিত অনুপস্থিতি | | | |
| সর্বমোট চাকুরীকাল | | | |

নীট গণনাযোগ্য চাকুরীকাল...............................................................................

গণনাযোগ্য চাকুরীতে মার্জনাকৃত ঘাটতি..........................................................................

সর্বমোট গণনাযোগ্য চাকুরী বৎসর................ মাস............... দিন............

.............................................

ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার দস্তখত ও সিল।

## তফসিল-৩

[ধারা ২৬(২) দ্রষ্টব্য]

### দ্বিতীয় ভাগ

### 'গ' অংশ

(অবসর ভাতার/অর্জিত ছুটি নগদায়নের হিসাব)

(হিসাব শাখা পূরণ করিবে)

১। প্রাপ্য মোট অবসর ভাতার পরিমাণ ............................................

সর্বশেষ প্রাপ্ত মাসিক মূল বেতন

................ টাকার ..................

.................(০% হারে).............

......................................টাকা

২। শতকরা.................... ভাগ .............................
সমর্পণের পর নীট অবসর ভাতার পরিমাণ।

৩। প্রথম ৫০% সমর্পিত অবসর ভাতা ....................................
এর প্রতি টাকার বিপরীতে প্রাপ্য এককালীন
থোক টাকার পরিমাণ। ....................................................

৪। পরবর্তী ৫০% সমর্পিত অবসর ভাতা এর
প্রতি টাকার বিপরীতে প্রাপ্য এককালীন
থোক টাকার পরিমাণ। ....................................................

৫। কর্মচারীর অর্জিত ছুটি নগদায়নের হিসাব ঃ

(ক) ছুটির পরিমাণ ....................................

(খ) প্রাপ্য টাকার পরিমাণ .......................................

...............................................

ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার দস্তখত ও সিল।

## তফসিল-৩

[ধারা ২৬ (২) দ্রষ্টব্য]

দ্বিতীয় ভাগ

'ঘ' অংশ

নিম্নস্বাক্ষরকারী এই মর্মে সন্তুষ্ট হইয়াছেন যে, জনাব/বেগম........................................ সম্পূর্ণ চাকুরীকাল সন্তোষজনক। সুতরাং অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক অনুমোদিত হওয়া সাপেক্ষে, তাঁহাকে মাসিক নীট অবসর ভাতা...........................................টাকা এককালীন থোক টাকা হিসাবে......................টাকা অর্জিত ছুটির নগদায়ন বাবদ.........................টাকা এতদ্বারা মঞ্জুর করা হইল।

### অথবা

নিম্নস্বাক্ষরকারী এই মর্মে স্পষ্ট হইয়াছেন যে, জনাব/বেগম.....................................এর এর সম্পূর্ণ চাকুরীকাল সন্তোষজনক নহে এবং সেই কারণে তাহার অবসর ভাতা নিম্নবর্ণিত হারে হ্রাস করিয়া, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক অনুমোদিত হওয়া সাপেক্ষে, মঞ্জুর করা হইল।

(ক) নীট অবসর ভাতার পরিমাণ ..........................................

(খ) এককালীন থোক টাকা ..........................................

(গ) অর্জিত ছুটির নগদায়ন ..........................................

(ঘ) অবসর ভাতা প্রাপ্যতার শুরু হইবার তারিখ ঃ ..........................................

..........................................

যথাযথ কর্তৃপক্ষের দস্তখত ও সিল।

## তফসিল-৩

[ধারা ২৬ (২) দ্রষ্টব্য]

### দ্বিতীয় ভাগ

### 'ঙ' অংশ

(এই অংশ অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ পূরণ করিবে)

১। নিরীক্ষান্তে অনুমোদনযোগ্য—

(ক) গণনাযোগ্য চাকুরীর পরিমাণ ..........................................

(খ) অবসর ভাতার পরিমাণ ..........................................

(গ) এককালীন থোক টাকার পরিমাণ ..........................................

(ঘ) অর্জিত ছুটি নগদায়ন এর পরিমাণ ..........................................

২। ক্রমিক নং ১ এর উল্লিখিত পরিমাণ বা বিবরণী সম্পর্কে প্রশাসন শাখার সহিত দ্বিমত পোষণের সংক্ষিপ্ত কারণ যদি থাকে ..........................................

৩। অবসর ভাতা প্রাপ্যতার শুরু হইবার তারিখ ..........................................

..........................................

ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার দস্তখত ও সিল।

(প্রশাসন শাখা পূরণ করিবে)

১। অবসর ভাতার হিসাব নিরীক্ষান্তে দেখা যায় যে,

(ক) উহার হিসাব সঠিক, পরিমাণ ..........................................

(খ) উহার হিসাব সঠিক নহে ..........................................মন্তব্য

..........................................

২। অবসর ভাতা/এককালীন থোক টাকা/অর্জিত ছুটি নগদায়ন এর ইস্যু নম্বর .......................... .......................... তারিখ ..........................................

..........................................

ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার দস্তখত ও সিল।

## তফসিল-৩

[ধারা ২৬ (২) দ্রষ্টব্য]

তৃতীয় ভাগ

'ক'

### অবসর ভাতা ইত্যাদি প্রদানের আদেশ

নম্বর ........................ তারিখ ........................ বাং / ইং

| অবসর ভাতার শ্রেণী ও উহা মঞ্জুরীর আদেশের তারিখ | গ্রহণকারীর ব্যক্তিগত সনাক্তকরণ চিহ্ন | উচ্চতা মিটার/ সেন্টিমিটার | জন্ম তারিখ | গ্রহণকারীর ঠিকানা | প্রদেয় মাসিক অবসর ভাতার পরিমাণ |
|---|---|---|---|---|---|
| | | | | | |

পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এতদ্বারা জনাব/বেগম ................................................ এর অবসর গ্রহণের প্রেক্ষিতে -

(ক) নীট অবসর ভাতা হিসাবে............................................টাকা মঞ্জুর করা হইল। উক্ত অবসর ভাতা প্রতিমাস শেষ হইবার পর তাঁহাকে/মনোনীত বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি জনাব/বেগম................................................ কে প্রদানযোগ্য হইবে।

(খ) ............................টাকা সমর্পণের বিপরীতে ....................................টাকা এককালীন মঞ্জুর করা হইল, যাহা এককালীন তাহাকে/মনোনীত বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি জনাব/বেগম..............................................................................কে প্রদান করা হইবে।

(গ) অর্জিত ছুটির নগদায়ন বাবদ ................................টাকা মঞ্জুর করা হইল, যাহা তাহাকে মনোনীত ব্যক্তি/ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি জনাব/বেগম.............................. কে প্রদান করা হইবে।

................................................

যথাযথ কর্তৃপক্ষের দস্তখত ও সিল।

## তফসিল-৩

[ধারা ২৬ (৩) দ্রষ্টব্য]

চতুর্থ ভাগ

অবসর ভাতা পরিশোধ বহি

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

| | | |
|---|---|---|
| | ছবি | |

অবসর প্রাপ্ত কর্মচারীর নাম ও সর্বশেষ পদবী

.......................................................................................

অবসর ভাতা গ্রহণকারীর নাম.......................................................................................

কর্মচারী/অবসর ভাতা গ্রহণকারীর
ঠিকানা.......................................................................................

| অবসর ভাতা প্রাপ্যতা ও অনুমোদনের তারিখ | জন্ম তারিখ | অবসর ভাতার প্রকৃতি | মাসিক মোট অবসর ভাতার পরিমাণ |
|---|---|---|---|
| | | | |

সূত্র নং.........................................

তারিখ ঃ.........................................

পরবর্তী নির্দেশ প্রদান না করা
পর্যন্ত নিম্নবর্ণিত ব্যক্তিকে
নিম্নবর্ণিতভাবে প্রদান করুন—

জনাব/বেগম.......................................................
নীট অবসর ভাতা....................................(টাকা কথায়)..............................................

টাকা যাহা প্রতিমাস শেষ হওয়ার পর ধার পরিশোধযোগ্য এবং সমর্পিত অবসর ভাতা বিপরীতে
এককালীন.......................................................টাকা প্রদান করুন।

..........................................
যথাযথ কর্তৃপক্ষের দস্তখত ও সিল।

প্রতি—

..........................................
..........................................
..........................................।

| প্রদত্ত অবসর ভাতার বৎসর ও মাস | পরিশোধের তারিখ | প্রদত্ত টাকার পরিমাণ | বিতরণকারী কর্মকর্তার স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| জানুয়ারী/২০০ | | | | |
| ফেব্রুয়ারী/২০০ | | | | |
| মার্চ/২০০ | | | | |
| এপ্রিল/২০০ | | | | |
| মে/২০০ | | | | |
| জুন/২০০ | | | | |
| জুলাই/২০০ | | | | |
| আগষ্ট/২০০ | | | | |
| সেপ্টেম্বর/২০০ | | | | |
| অক্টোবর/২০০ | | | | |
| নভেম্বর/২০০ | | | | |
| ডিসেম্বর/২০০ | | | | |

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর আদেশক্রমে,

**ডঃ মোঃ আব্দুর রাজ্জাক**
মহাপরিচালক
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর।

আবদুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।